দেশ ও জাতি গঠনে নারী শিক্ষার বিকল্প নাই-এম এ এস ইমন

মেহেরপুরের গাংনী মহিলা ডিগ্রি কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি পেট্রো বাংলার পরিচালনা পর্ষদের সদস্য, রাজধানী টেলিভিশনের চেয়ারম্যান ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমন বলেছেন, ‘এক একটি শিক্ষার্থী একটি শিক্ষিত মা। একটি শিক্ষিত মা পারেন দেশ ও জাতিকে শিক্ষিত করতে। দেশ ও জাতি গঠনে নারী শিক্ষার বিকল্প নেই। তাই প্রতিটি শিক্ষার্থীকে অধ্যাবসাইয়ের বিকল্প নেই। জ্ঞান চর্চার বিকল্প নেই। লেখা পড়ার পাশাপাশি স্বপ্ন পুরুনের প্রতিজ্ঞা থাকতে হবে। তবেই লেখা পড়া শিখে মানুষের মত মানুষ হতে পারবে’।
কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিতে আজ বৃহস্পতিবার দুপুরে গাংনী মহিলা কলেজ প্রাঙ্গণে আয়োজিত কলেজের এইচএসসি ২০২১ ব্যাচের পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে তিনি আরো বলেছেন, দেশ আজ যার নেতৃত্বে এগিয়ে চলেছে তিনি একজন নারী। তিনি নারীদের আলো দেখানোর জন্য সর্বাত্নক পরিশ্রম করে চলেছেন। একটি গরিব দেশ বিশ্বের দরবারে উন্নত দেশ হিসেবে পরিচয় লাভ করেছে । বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশে নারী শিক্ষার ওপর যে গুরুত্ব দেখিয়েছেন বিগত আর কোনো সরকার এমন সুবিধা দিতে পারেনি। গরিব ও অস্বচ্ছল পরিবারের কোনো মেয়ে যেন অর্থের অভাবে লেখাপড়া বিঘ্নীত না হয় সে বিষয়ে তিনি উপবৃত্তি চালু করেছেন।
গাংনী মহিলা ডিগ্রী কলেজে শিক্ষার গুণগতমান আরো বৃদ্ধিসহ জেলার একটি মডেল কলেজে রুপান্তরীত করার প্রত্যয় ব্যক্ত করেন। সেই সাথে মহিলা ডিগ্রী কলজেটিকে জাতীয় করণের চেষ্টা করার চেষ্টা হবে। কলেজের প্রভাষক মহিবুর রহমান মিন্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কলেজের উপাধ্যক্ষ মো নাসির উদ্দিন, সহকারী অধ্যাপক মোঃ রমজান আলী।
পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি কলেজের বিভিন্ন শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা উপভোগ করেন। পরে অতিথিবৃন্ধ ও বিদায়ী শিক্ষার্থরা বিদায়ী কেক কাটেন। এর আগে বিদায়ী অনুষ্ঠান উপলক্ষে সকালে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কলেজ প্রাঙ্গণে শেষ হয়। এছাড়াও বিদায়ী পরীক্ষার্থীদের মাঝে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি।

শৈলকুপায় ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান

ঝিনাইদহের শৈলকুপায় নিবন্ধনবিহীন মোটরসাইকেল ধরতে বিশেষ অভিযানে নেমেছে ঝিনাইদহ ট্রাফিক পুলিশ ও শৈলকুপা থানা পুলিশ। বৃহস্পতিবার সারাদিনব্যাপী নিবন্ধনবিহীন ৩৩টি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। এছাড়া ২০টি যানবাহনের মামলা দায়ের করা হয়েছে। অভিযান পরিচালনা করেন ঝিনাইদহ ট্রাফিক পুলিশের ট্রফ্রিক ইন্সপেক্টর সালাউদ্দিন ও শৈলকুপা থানা অফিসার ইনচার্জ রফিকুল ইসলাম সহ পুলিশ সদস্যরা। ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর সালাউদ্দিন জানায়, ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামের নির্দেশে জেলাব্যাপী ট্রাফিক পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করেছে। এরই ধারাবাহিকতায় আজ শৈলকুপায় অভিযান পরিচালনা করা হলো। এ সময় নিবন্ধনবিহীন ৩৩টি মোটরসাইকেল জব্দ করা হয়। এ ছাড়া হেলমেট, ড্রাইভিং লাইসেন্স ও কাগজপত্র না থাকায় সড়ক আইনের বিভিন্ন ধারায় মোট ৫৩ টি মামলা দায়ের করা হয়েছে।

ইজিবাইকের ধাক্কায় প্রান গেল এলেম মালিথার

ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডু থানাধীন ৭নং রঘুনাথপুর ইউনিয়নের গ্রামের পাকা রাস্তার অদ্য ২৫/১১/২০২১ ইং তারিখ অনু: ৭:৩০ ঘটিকার সময় উপর এলেম মালিথা (৭৬) পিতা-মৃত বুধই মালিথা, গ্রাম কালাপাড়িয়া থানা হরিণাকুন্ডু জেলা ঝিনাইদহ রাস্তা পার হওয়ার সময় ইজিবাইক চালক মোঃ আলামিন (২২) পিতা আলফাজ উদ্দিন,

গ্রাম মহিষগাড়ি থানা শৈলকুপা জেলা ঝিনাইদহ পিছন থেকে ইজিবাইক দ্বারা সজোরে ধাক্কা দিলে উক্ত এলেম মালিথা রাস্তায় পড়ে মাথায়

গুরুতর আঘাত লেগে রক্তক্ষরণ হয় ঘটনাস্থলে মৃত্যুবরণ করে।

স্থানীয় লোকজন মৃত ব্যক্তিকে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে

মুজিবনগরে করোনায় ক্ষতিগ্রস্ত মাতৃক্লাবের সদস্যদের মাঝে উপহার সামগ্রী বিতরন

মুজিবনগরে করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত মাতৃক্লাবের সদস্যদের মাঝে উপহার সামগ্রী বিতরন করেছে ইম্প্যাক্ট ফাউন্ডেশন মেহেরপুর প্রোগ্রাম অফিস। বৃহস্প্রতিবার বেলা এগারোটার দিকে মুজিবনগর উপজেলা ভবেরপাড়া ইদগাহ মাঠে এ উপহার সামগ্রী বিতরন করা হয়।ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ মেহেরপুর প্রোগ্রামের প্রশাসক সফিকুল ইসলামের সভাপতিত্বে খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ মেহেরপুর প্রোগ্রামের উপজেলা ম্যানেজার সোহেল আহম্মেদের সঞ্চালনায় এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান,যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু,মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সভাপতি ও বিটিবির মেহেরপুর প্রতিনিধি আলামিন হোসেন।

বাগোয়ান ইউনিয়নের ১০ টি মাতৃক্লাবের ২৫০ জন সদস্যর মাঝে ২৫ কেজি চাউল, ৮ কেজি আলু, ৪ কেজি ডাল, ২ লিটার তেল, ২ কেজি লবণ, ২ কেজি পেয়াজ, ৫টি সাবান ও ৫টি মাস্ক তুলে দেয়া হয়।

মেহেরপুরে দু’টি দোকানে টিন কেটে দুর্ধর্ষ চুরি

মেহেরপুর সদর উপজেলার বামন পাড়ার মোড়ে চালের টিন কেটে দুটি দোকানে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে।
বৃহস্পতিবার দিবাগত গভীর রাতে বামন পাড়ার মোড়ে সোহাগ স্টোরে ও বাইজিদ স্টরে এই চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় চোরেরা দুটি দোকান থেকে সাড়ে ৫ লাখ টাকার মালামাল নিয়ে গেছে বলে ধারণা করা হয়েছে। বাইজিদ স্টোরের প্রোপাইটর মোঃ বাইজিদ জানান, বুধবার রাত ১০টার দিকে তারা প্রতিদিনের ন্যায় দোকান বন্ধ করে চলে যায়। পরে রাতে দোকান ঘরের ওপরের টিনের চাল কেটে ক্যাশ বাক্সে কোন টাকা না থাকায় চোরেরা দোকানে থাকা সিগারেট, টর্চ লাইট, সাবান, তেল সহ অন্যান্য সামগ্রী নিয়ে গেছে বলে ধারণা করা হয়েছে।
তিনি আরো জানান, একই সাথে ওই সময় চোরেরা পার্শ্ববর্তী সোহাগ স্টরেও একই ঘটনা ঘটাই। তাদের দোকানে তেমন কিছু না পাওয়ায় আমাদের দোকানে চুরি করতে আসে।
এর আগেও সোহাগ স্টরে নগর ২ লক্ষ ৩০ হাজার টাকা এবং ৫০ হাজার সিগারেট চুরির ঘটনা ঘটেছিল।

গাংনীর শীর্ষ মাদক ব্যবসায়ী আবুল কালাম আজাদ আবারও গ্রেফতার

মাদকের নয়টি মামলার আসামী গাংনীর বহুল আলোচিত শীর্ষ মাদক ব্যবসায়ী আবুল কালাম আজাদকে (৩৯) আবারও গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গাংনী থানা পুলিশের একটি টীম বুধবার (২৪ নভেম্বর) দিবাগত রাত আটটার দিকে গাংনী উপজেলার সীমান্তবর্তি খাসমহল গ্রাম থেকে আকে গ্রেফতার করে। গাংনী থানার এসআই আতিকুর রহমান সঙ্গীয় ফোর্সসহ অভিযান পরিচালনা করেন ।
আবুল কালাম আজাদ উপজেলার তেরাইল গ্রামের ওলিনগরপাড়া

এলাকার সুলতান হকের ছেলে।
গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, আবুল কালাম আজাদ একজন চিহ্নিত মাদক ব্যবসায়ী। গ্রেফতার এড়াতে সে এতদিন আত্মগোপনে ছিল।

গোপন সংবাদের ভিত্তিতে এসআই আতিকুর রহমান সঙ্গীয় এএসআই শরিফুল ই সলাম এবং ফোর্স নিয়ে রংমহল গ্রামে অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করেন।

আটক কালামের নামে মাদকের অভিযোগে নয়টি মামলা রয়েছে। একটি মামলায় আদালতের গ্রেফতারী পরোয়ানা রয়েছে ।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, আটক আবুল কালাম আজাদকে আগামীকাল বৃহস্পতিবার (২৫ নভেম্বর) সকালের দিকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

দর্শনা জয়নগরের জাম্বু ৮৪ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার

দর্শনা ফেনসিডিল সহ সামাদ ওরফে জাম্বু (৪০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার রাত পৌনে ৭ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার এসআই সুমন্ত বিশ্বাস, এসআই মাসুদ রানা, এএসআই আনোয়ারুল হক, এএসআই শাহিন আলম, এএসআই ইদ্রিস আলী সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা বাসস্ট্যান্ড-মুজিবনগর সড়কের দর্শনা রেলবাজরের আল্লাহর দান হোটেলের সামনে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। এসময় পুলিশি উপস্থিতি টেরপেয়ে ৩ জন মাদক ব্যবসায়ী পালিয়ে যেতে সক্ষম হলেও ৮৪ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার সহ সামাদ ওরফে জাম্বুকে গ্রেফতার করেন পুলিশ।

মাদক সহ গ্রেফতারকৃত জাম্বু দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধিক

সীমান্তবর্তী জয়নগর গ্রামের মৃত মুরশিদ আলী ছেলে ।

এঘটনায় আরও ৩ জনকে পালাতক আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করেছে পুলিশ।

কালীগঞ্জে ইজিবাইকসহ তিন চোর র্যাবের হাতে আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার পাঁচকাউনিয়া গ্রাম থেকে ইজিবাইকসহ তিন চোরকে আটক করেছে ঝিনাইদহ র্যাব। তারা পেশাদার ইজিবাইক চোর বলে র্যাব এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে।

আটককৃতরা হলেন, মাগুরার মোহাম্মদপুর উপজেলার হাজী আফসার মোল্লাল ছেলে মো: রাসেল হোসেন (৩৫), যশোরের বাঘারপাড়া উপজেলার জামালপুর গ্রামের পরশ মোল্লার ছেলে মো: আব্বাস আলী
(৩৮) ও কালীগঞ্জের কাবিলপুর গ্রামের গৌতম ভৌমিকের ছেলে দীপ ভৌমিক (২৫)। তাদের কাছ থেকে চোরাইকৃত দুটি ইজিবাইক ও ১০টি ব্যাটারি উদ্ধার করা হয়েছে।

র্যাব সুত্রে জানা গেছে, গত সোমবার রাতে গোপন সুত্রে খবর পেয়ে র্যাব কালীগঞ্জের পাঁচকাউনিয়া গ্রামে অভিযান চালায়। এ সময় তিন চোর মন্ডল রাইস মিলস এলাকায় কালীগঞ্জ থেকে খাজুরা বাজার গামী পাকা সড়কে একটি সচল ইজি বাইকের সাথে অপর একটি ইজি বাইক বেধে চালিয়ে যাচ্ছিল।

সন্দেহ হলে র্যাব তাদের আটক করে জিজ্ঞাসাবাদ করে। আসামীরা দীর্ঘদিন ধরে চোরাই ইজিবাইক কেনাবেচার সঙ্গে জড়িত বলে তারা স্বীকার করে। এ ঘটনায় কালীগঞ্জ থানায় একটি মামলা হয়েছে।

দামুড়হুদা বাস্তপুরের ইমরান ৫ বোতল ফেনসিডিলসহ আটক

দামুড়হুদার বাস্তপুরের ইমরান (১৯) কে ৫বোতল ফেনসিডিলসহ আটক করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। বুধবার বিকাল সাড়ে ৪টার দিকে তাকে আটক করে পুলিশ।

এসময় তার ব্যাবহারের একটি ১০০সিসি ফিডোম মোটরসাইকেল জব্দ করে পুলিশ। পুলিশ জানিয়েছে, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে এসআই তৌহিদুর রহমান, এএ্সআই মসলেম, ইলিয়াস হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের সুত্রে অভিযান চালানো হয় বাস্তপুর গ্রামের চাতরের মাঠের রাস্তার উপর।

সেসময় তার কাছ থেকে মাদক ৫বোতল ফেনসিডিল উদ্ধার করে পুলিশ। ফেনসিডিল সহ আটককৃত ইমরান পুরাতন বাস্তপুরের ইমদাদুল হক ইন্তার ছেলে।

তার বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা প্রক্রিয়াধীন বলে থানা সুত্রে জানাগেছে।

দায়িত্ব বুঝে নিলেন ঝিনাইদহের নতুন পৌর প্রশাসক

ঝিনাইদহের পৌরসভার দ্বায়িত্ব বুঝে নিলেন নতুন পৌর প্রশাসক স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগের উপ- পরিচালক (ডিডিএলজি) ইয়ারুল ইসলাম।
বুধবার দুপুরে ঝিনাইদহ পৌরসভার কার্যালয়ে পৌরমেয়র সাইদুল করিম মিন্টু এই দায়িত্বভার হসান্তর করেন। সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক সেলিম রেজা পিএএ। এছাড়াও পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর ও পৌর সভার সকল কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক ও সূধীবৃন্দ।

উল্লেখ যে, গত ২১নভেম্বর স্থানীয় সরকার মন্ত্রনালয় থেকে দ্বায়িত্বভার হসান্তর সংক্রান্ত পরিপত্র জারি করে।
জানা যায় ২০১১ সালে১৩ মার্চ নৌকা প্রতীক নিয়ে সাইদুল করিম মিন্টু বিজয়ী হন। ২৮-০৩-২০১১ তারিখ তিনি পৌর মেয়র হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। সীমানা নির্ধারণ সংক্রান্ত জটিলতায় ৫ বছর পর মেয়াদ শেষে ২০১৬ সালের ২ এপ্রিল নির্বাচন অননুষ্ঠিত হওয়ার কথা থাকলেও আইনী জটিলতায় তা আটকে যায়। পরে মহামান্য হাইকোর্টের আদেশে এ পৌর সভায় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পক্ষ থেকে জেলা প্রশাসনের স্থানীয় সরকার উপ-পরিচালক মোঃ ইয়ারুল ইসলামকে পৌর প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়। তারই ধারাবাহিকতায় এই ক্ষমতা হস্তান্তর ও দ্বায়িত্ব গ্রহণ অনুষ্ঠিত হয়।